দৈনিক ইত্তেফাক

তারিখ · 24 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আরো ৪৭ কলেজ শিক্ষকের সংযুক্তি বাতিল

■ ইত্তেফাক রিপোর্ট

দ্বিতীয় দফায় গতকাল বুধবার ঢাকার ৫টি সরকারি কলেজের ৪৬ জন শিক্ষকের সংযুক্তি বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। এদের সকলেই সহযোগী অধ্যাপক। সংযুক্তি বাতিল করে তাদের ঢাকার বাইরের বিভিন্ন কলেজে বদলি করা হয়েছে।

সূত্র জানায়, সংযুক্তি বাতিল হওয়া সহযোগী অধ্যাপকের মধ্যে ইডেন কলেজের ৬ জন, ঢাকা কলেজের ১১ জন, তিতুমীর কলেজের ১৬ জন, সরকারি বাংলা কলেজের ৭ জন ও শহীদ সোহরাওয়ার্দী কলেজের ৫ জন। এছাড়া একজনকে বড়গুড়ার সরকারি আজিজুল হক কলেজের শিক্ষকের সংযুক্তি বাতিল করে ওই কলেজেই বদলি করা হয়েছে।

এর আগে ২২ মার্চ ঢাকা কলেজ, সরকারি বাংলা কলেজ, তিতুমীর কলেজের ১ জন করে সহকারী অধ্যাপকের সংযুক্তি বাতিল করলেও তাদের মধ্যে ২ জনকে ঢাকায় অবস্থিত পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে এবং ১ জনকে মাদ্রাসা শিক্ষা বোর্ডে বদলি করা হয়েছে।

শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, সারা দেশে ৪২৩ জন সহযোগী অধ্যাপক সংযুক্তি রয়েছেন। অধ্যাপকদের ক্ষেত্রে এ সংখ্যা ৫১ জন।